গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০১.০০০০.১০১.১৬.৮৩৩.২২-৬৬৭০

তারিখ ঃ ২০/০৬/২০২৪ খ্রিঃ
০৬/০৩/১৪৩১ বঃ

## সভার নোটিশ

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক অবহিতকরণ সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক, মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৫/০৬/২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার বিকাল ০২.০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচিঃ**

১। প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনা।

২। বিবিধ।

২০/০৬/২০২৪

(ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা)
উপপরিচালক, মানব সম্পদ উন্নয়ন
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-**

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। (১ জন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধসহ)
৩. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। (১ জন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধসহ)
৪. পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা। (১ জন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধসহ)
৫. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৮. পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১০. পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১১. পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১২. প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, প্রাণিপুষ্টি ও পশুখাদ্য অনুবিভাগ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৩. উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৪. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঢাকা।
১৫. উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা/ খামার/ লেজিসলেশন, নিবন্ধন ও সার্টিফিকেশন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৬. সহকারী পরিচালক, প্রাণিক্রয় ও উন্নয়ন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৭. চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৮. ড. হোসেন মোঃ সেলিম, প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা ও APA-SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৯. জনাব মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২০. অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। অতিরিক্ত সচিব ও টিম প্রধান, APA বাস্তবায়ন কমিটি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল - জুন ২০২৪) সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতিঃ | ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা, উপপরিচালক (মানব সম্পদ উন্নয়ন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। |
| সভার স্থানঃ | প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষ (ভবন-১), ঢাকা। |
| তারিখ ও সময়ঃ | ২৫/০৬/২০২৪ খ্রিস্টাব্দ, মঙ্গলবার, বিকাল ০২.০০ ঘটিকা। |

উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

**১.০ আলোচনাঃ**

প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন বিষয়ে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে এক অবহিতকরন সভা অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করে বিস্তারিত অবহিত করার জন্য মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, সংযুক্তি- আইসিটি শাখা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর-কে অনুরোধ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে বিস্তারিত অবহিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনার আলোকে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অবস্থা তুলে ধরে অভিমত ব্যক্ত করেন। সভায় প্রতিটি সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**২.০ সিদ্ধান্তসমূহঃ**

১) সভায় অংশগ্রহণকারী প্রতিটি দপ্তর কর্তৃক নিজ নিজ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পর্যালোচনা এবং নিয়ন্ত্রণকারী পরিচালকের অনুমোদনক্রমে সংযোজন-বিয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২) প্রতিটি দপ্তর কর্তৃক নিজ নিজ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) দপ্তরসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণসহ তথ্যবাতায়নের সেবাবক্সসমূহ সঠিকভাবে হালনাগাদের করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অফিসিয়াল মোবাইল নম্বরের সাথে ডোমেইন মেইল ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৫/০৬/২০২৪

(ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা)
উপপরিচালক, মানব সম্পদ উন্নয়ন
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

পরিশিষ্ট 'ক'

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত সভায় উপস্থিতি

স্থানঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষ

তারিখঃ ২৬/০৬/২০২৪ খ্রি:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নং ও ই-মেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ডা. মো. [illegible] ইসলাম<br>পরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, রংপুর | 01711-318674<br>[illegible]@yahoo.com | |
| ০২. | ডা. মো. লুৎফর রহমান পরিচালক<br>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল | 01711143839 | |
| ০৩. | মু. এ. টি. এম. [illegible] | 01716004357 | |
| ০৪. | ডক্টর মো: আব্দুল হাই সরকার<br>পরিচালক, বি. এল. আর. আই, রাজশাহী | ০১৭১৮-২২৯৭২১<br>ddlsrajshahi@gmail | |
| ০৫ | ডা. [illegible] রহিম<br>পরিচালক বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর [illegible] | 01863274747 | |
| ০৬. | ড. মো: [illegible] কামাল<br>Director, LRI | 01715 805090 | |
| ০৭. | ডাঃ মনোরঞ্জন ধর<br>পরিচালক<br>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ | ০১৭১৫-৪২১১১৩ | |
| ০৮. | মো. শাহজামান খান<br>পরিচালক<br>[illegible] | 01711186487 | |
| ০৯. | ড. হোসেন মো. সেলিম<br>এল আর এস ৩, পরিচালক, সাভার | 01946952011 | |
| ১০ | ডা: [illegible] রহমান<br>পরিচালক [illegible] | 01711887456 | |
| ১১. | জিনাত সুলতানা<br>পরিচালক, [illegible] বিভাগ | 01764470325 | |
| ১২. | ডা. মো: আব্দুল আজিজ আল মামুন<br>পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ঢাকা | ০১৭১২৮৮৮৫৫০<br>azizmamun73@gmail.com | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নং ও ই-মেইল আইডি | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১৩. | ডাঃ নুরুল্লাহ্ মোঃ আহসান<br>পরিচালক, খুলনা বিভাগ | 01712751816 | [signature] |
| ১৪. | ডাঃ মোঃ জাহিদুল আলম<br>পরিচালক প্রশাসন | 01712659522 | [signature] |
| ১৫. | ডা: আনন্দ কুমার অধিকারী<br>পরিচালক, [illegible] | 01712631642 | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |